দৈনিক বাংলা

তারিখ 14 JUN 1987
পৃষ্ঠা ... ... কলাম ... ৮ ...

019

এইচএসসি পরীক্ষা শুরু

# প্রথম দিনে বিভিন্ন কেন্দ্র থেকে ২৬৪ জন বহিষ্কৃত

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল দেশব্যাপী চারটি শিক্ষা বোর্ডের ১৯৮৭ সালের এইচএসসি পরীক্ষা শান্তিপূর্ণভাবে শুরু হয়েছে। গতকাল ছিল বাংলা ১ম পত্র পরীক্ষা।

গতরাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত সময়ে দেশের বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ২৬৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর পাওয়া গেছে।

শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারওয়ার মিলন গতকাল লালমাটিয়া মহিলা কলেজ কেন্দ্রে যান। তার সঙ্গে ছিলেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জনাব আবদুর রশীদ চৌধুরী ও পরীক্ষা নিয়ন্ত্রক জনাব দলিলউদ্দীন মন্ডল।

আমাদের স্টাফ রিপোর্টার,

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)



ঢাকার একটি এইচএসসি পরীক্ষা কেন্দ্র —দৈনিক বাংলা

## বহিষ্কৃত

(১-এর পৃঃ পর)

নিজস্ব প্রতিনিধি ও সংবাদদাতাদের খবরঃ যশোরের নয়টি পরীক্ষা কেন্দ্র থেকে ৬৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। মানিকগঞ্জের তিনটি কেন্দ্র থেকে ২০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

খুলনা শহরের দুটি কেন্দ্র থেকে ১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ঈশ্বরদী সরকারী ডিগ্রী কলেজ কেন্দ্র থেকে মোট ১৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এদিকে পাকশী কলেজ কেন্দ্র বহালের দাবীতে সেখানে মিছিল, রেল লাইন তুলে ফেলা ও রেল অফিস ভাঙচুরের মত ঘটনা ঘটলেও কর্তৃপক্ষ কেন্দ্রটি বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার করেননি। উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীরা ঈশ্বরদী সরকারী ডিগ্রী কলেজে পরীক্ষা দিচ্ছে।

ঢাকা শিক্ষা বোর্ডে স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষের খবরঃ অসদুপায় অবলম্বনের জন্যে ফরিদপুর জেলায় ১৮ জন, গোপালগঞ্জে ১৫ জন, সোনারগাঁয়ে ১৫ জন, তিতুমীর কলেজে একজন, হাতিরদিয়ায় চার জন, টঙ্গী ও সিঙ্গাইরে একজন করে পরীক্ষার্থী বহিষ্কার করা হয়।

সিরাজগঞ্জ জেলার ১৪টি কেন্দ্র থেকে মোট ৫৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নওগাঁ সরকারী কলেজ কেন্দ্র থেকে আট জন, নওগাঁ সরকারী মহিলা কলেজ থেকে তিনজন, আহসানগঞ্জ কলেজ থেকে পাঁচ জন, বগুড়ার আদমদীঘি উপজেলার শান্তাহার কলেজ কেন্দ্র থেকে ২২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

নীলফামারী সরকারী কলেজ কেন্দ্র থেকে ১৬ জন এবং সাতক্ষীরা জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ১৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।